গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/ এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd/ যুউঅ.বাংলা

স্মারক নং-৩৪.০১.০০০০. ০০৫.২৭.০৭৫.২৩(অংশ)- ১৯০৭ তারিখ : ১৯ শ্রাবণ ১৪৩২ / ০৩ আগস্ট ২০২৫

বিষয় : **অভিযোগ প্রতিকার সংক্রান্ত মাসিক প্রতিবেদন প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে যুব উন্নয়ন অধিদপ্তরের জুলাই, ২০২৫ মাসের অভিযোগ প্রতিকার সংক্রান্ত মাসিক প্রতিবেদন এসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ০৩(তিন) পাতা।

০৩.০৮.২০২৫

(ড. গাজী মোঃ সাইফুজ্জামান)
মহাপরিচালক(গ্রেড-১)
ফোন : ০২-২২৩৩৮৯৩৮৯
ই-মেইল: dg@dyd.gov.bd

সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

D/S/অভিযোগ নিষ্পত্তি1

অভিযোগ প্রতিকার ব্যবস্থা
যুব উন্নয়ন অধিদপ্তর
**অভিযোগ প্রতিকার-সংক্রান্ত মাসিক প্রতিবেদন**

**জুলাই, ২০২৫**

অভিযোগ প্রতিকারের সার-সংক্ষেপ

| বিবেচ্য মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | | পূরবর্তী মাসের জের | মোট অভিযোগ | অন্য দপ্তরে প্রেরিত | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগ | চলমান অভিযোগ | | অভিযোগ নিষ্পত্তির হার (%) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ওয়েবসাইটের মাধ্যমে | প্রচলিত পদ্ধতিতে | স্বপ্রণোদিত ভাবে গৃহীত | | | | | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়নি | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়েছে | |
| (ক) | (খ) | (গ) | (ঘ) | (ঙ) | (চ) | (ছ) | (জ) | (ঝ) | (ঞ) |
| ২৩ | ০ | ০ | ০২ | ২৫ | ২১ | ০৪ | ০ | ০ | ১০০% |

আপিল নিষ্পত্তির সার-সংক্ষেপ

| বিবেচ্য মাসে প্রাপ্ত আপিলের সংখ্যা | পূরবর্তী মাসের জের | মোট আপিল | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত আপিলের সংখ্যা | চলমান আপিলের সংখ্যা | | আপিল নিষ্পত্তির হার (%) |
|---|---|---|---|---|---|---|
| | | | | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়নি | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়েছে | |
| (ক) | (খ) | (গ) | (ঘ) | (ঙ) | (চ) | (ছ) |
| ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |

06.08.2025
আবু সাঈদ মোঃ শাহীনূর খান
সহকারী পরিচালক (প্রশাসন)

মোঃ সেলিমুল ইসলাম
উপপরিচালক (প্রশাসন)

# অভিযোগ প্রতিকার ব্যবস্থার মাসিক প্রতিবেদন
## যুব উন্নয়ন অধিদপ্তর

**মাসের নাম: জুলাই ২০২৫**

| বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | সংশ্লিষ্ট অভিযোগের আপিল সংক্রান্ত তথ্য |
|---|---|---|---|---|---|---|
| পত্র/ দরখাস্ত যোগে | অনলাইনে | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| - | ০৪(চার) | ০৪(চার) | ০৪(চার) | ০১। অভিযোগকারী: জনাব হিমেল হাসান, মোবাইল: ০১৬৪৩১২৬১৩০, ট্র্যাকিং নম্বর: ০১৬৪৩১২৬১৩০০০০১, অভিযোগের তারিখ: ২২-০৬-২০২৫, যুব উন্নয়ন অধিদপ্তর ফ্রিল্যান্সিং কোর্স ২০২৫ এর ৩য় ব্যাচের ফরিদপুর জেলার বাছাই পরীক্ষার ভাইবা সম্পর্কে অভিযোগ করেন।<br>সংশ্লিষ্ট অভিযোগকারী জনাব হিমেল হাসান, মোবাইল: ০১৬৪৩১২৬১৩০, ট্র্যাকিং নম্বর: ০১৬৪৩১২৬১৩০০০০১, অভিযোগের তারিখ: ২২-০৬-২০২৫। উপরিচালক, ফরিদপুর অভিযোগের বিষয়ে মতামত প্রদান করেন।<br>প্রণমত। তিনি অভিযোগ করেছেন সকাল ১০,০০ টকায় মৌখিক পরীক্ষা সকাল ১১.৩০ টায় শুরু হয়েছে। তিনি সঠিক কথা বলেছেন। ই-লার্নিং এন্ড আর্নিং লি: এর ঢাকা ডিভিশনাল কো-অর্ডিনেটর ফরিদপুর ব্রাঞ্চের জনবলের পরিবর্তে পরীক্ষা গ্রহণের জন্য রাজবাড়ী হতে জনবল এনেছেন। তারা এসেছে সকাল ১১.১৫ ঘটিকায়, ফলে পরীক্ষা শুরু হয় সকাল ১১.৩০ ঘটিকায়। পরীক্ষা কখন শুরু হবে সেটা কর্তৃপক্ষের এখতিয়ারাধীন। তিনি এখতিয়ার বহিঃর্ভূত অভিযোগ করেছেন।<br>দ্বিতীয়ত। তিনি বলেছেন কম্পিউটার সংক্রান্ত কোন প্রশ্ন করা হয়নি। একথা সত্য নয়। পরীক্ষার্থীদেরকে প্রথমেই কম্পিউটার বিষয়ে প্রাকটিক্যাল পরীক্ষা গ্রহণ করা হয়েছে। কম্পিউটার বিষয়ে প্রাকটিক্যাল পরীক্ষা গ্রহণ করেছেন ই-লার্নিং এন্ড আর্নিং লিঃ এর কো-অর্ডিনেটর ও প্রশিক্ষকবৃন্দ। এ সময় জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট উপস্থিত ছিলেন। কম্পিউটারে প্রাকটিক্যাল পরীক্ষায় দক্ষতা না থাকলে তাকে ইতিবাচক ভাবে মূল্যায়ণ করা হয়নি। কম্পিউটার বিষয়ে যাদের দক্ষতা পাওয়া গেছে, তাদেরকে সংশ্লিষ্ট একাডেমিক বিষয়ে প্রশ্ন করা হয়েছে।<br>তৃতীয়ত: প্রার্থীকে বাংলা বিষয়ে প্রশ্ন করা হয়েছে। মৌখিক পরীক্ষায় কোন বিষয়ের উপর প্রশ্ন করা হবে, সে বিষয়ে প্রধান কার্যালয়ের সুস্পষ্ট নির্দেশনা না থাকায় পরীক্ষার্থীকে প্রথমেই কম্পিউটারে দক্ষতা যাচাই করা হয়েছে। এরপর পরীক্ষার্থী যে বিষয়ে পড়াশুনা করেছে বা করছে, সেই বিষয়েই তাকে যাচাই করা হয়েছে। উল্লেখ্য, সংশ্লিষ্ট পরীক্ষার্থী বাংলা (সম্মান) বিষয়ে দ্বিতীয় বর্ষে পড়াশুনা করছে। সুতরাং তাকে বাংলা বিষয়েই প্রশ্ন করা হয়েছে। সংশ্লিষ্ট পরিক্ষার্থী লিখিত পরীক্ষায় ৪০ নম্বরের মধ্যে পেয়েছে ২৬, এবং মৌখিক পরীক্ষায় ১০ নম্বরের মধ্যে পেয়েছে ৮ নম্বর। তার মোট নম্বর ৩৪। তিনি অপেক্ষমান তালিকায় ১১ তম অবস্থানে আছেন।<br>চতুর্থত: কম্পিউটারে অদক্ষ কাউকে পরীক্ষায় নির্বাচিত করা হয়নি। নির্বাচিত সকলেরই কম্পিউটারে প্রয়োজনীয় দক্ষতা রয়েছে। যারা ভর্তি হয়েছে তাদেরকে যাচাই করলেই তাদের দক্ষতা সম্পর্কে ধারণা পাওয়া যাবে। প্রশিক্ষণার্থী নির্বাচনে যথার্থভাবে মেধার মূল্যায়ণ করা হয়েছে এবং কোন প্রকার পক্ষপাতিত্ব করা হয়নি।<br>পরিশেষে প্রার্থীর অভিযোগ সত্য নয়। পর্যবেক্ষণে দেখা যায় এ ধরণের প্রশিক্ষণার্থী সাধারণত প্রতিষ্ঠানে বিশৃঙ্খলতার সাথে যুক্ত থাকে। বিষয়টি মহোদয়ের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অবহিত করা হলো।<br>সংশ্লিষ্ট অভিযোগকারীর সাথে যোগাযোগ করা হলে তিনি জানান যে, মৌখিক পরীক্ষায় কম্পিউটার সম্পর্কে নূন্যতম ৬০% প্রশ্ন করা উচিত। এক্ষেত্রে প্রকত আইটি জ্ঞান সম্পূর্ণ প্রশিক্ষণার্থী সিলেক্ট হবে। তিনি এই পরামর্শ প্রদান করেন। সে উক্ত কোর্সে ভর্তি হয়েছে। তার পরামর্শটি সংশ্লিষ্ট উপপরিচালক, ফরিদপুর ও ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ কোর্সের সহকারী প্রকল্প পরিচালক মহোদয়কে জানানো হয়েছে। বিষয়টি নিষ্পত্তিযোগ্য। | - | - |
| | | | | ০২। অভিযোগকারী: জনাব মোঃ আশিকুর হাসান শিহাব, মোবাইল: ০১৮২৫৮৩৯২৭০, ট্র্যাকিং নম্বর: ০১৮২৫৮৩৯২৭০০০০১, অভিযোগের তারিখ: ২৬-০৬-২০২৫, জামালপুর জেলায় সরকারি ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের ৩য় ব্যাচে প্রশিক্ষণার্থী নির্বাচনে অনিয়ম প্রসঙ্গে অভিযোগ করেন।<br>সংশ্লিষ্ট অভিযোগকারী জনাব মোঃ আশিকুর হাসান শিহাব, মোবাইল: ০১৮২৫৮৩৯২৭০, ট্র্যাকিং নম্বর: ০১৮২৫৮৩৯২৭০০০০১, অভিযোগের তারিখ: ২৬-০৬-২০২৫। অভিযোগকারীর সাথে যোগাযোগ করা হলে তিনি জানান আমার অভিযোগটি আমি প্রত্যাহার করছি এই মর্মে যে, আমি অপেক্ষমান তালিকা থেকে স্থানীয় কর্তৃপক্ষ উক্ত ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ কোর্সে ভর্তি হওয়ার সুযোগ প্রদান করেছেন। এই বিষয়ে আমার পরবর্তী আর কোন অভিযোগ নেই। বিষয়টি নিষ্পত্তিযোগ্য। | | |

| বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | সংশ্লিষ্ট অভিযোগের আপিল সংক্রান্ত তথ্য |
|---|---|---|---|---|---|---|
| পত্র/ দরখাস্ত যোগে | অনলাইনে | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | ০৩। অভিযোগকারী: নাম প্রকাশে অনিচ্ছুক, মোবাইল: ০১৭৪৭০০০০০০০, ট্র্যাকিং নম্বর: ০১৭৪৭০০০০০০০০০০১, অভিযোগের তারিখ: ১৭-০৭-২০২৫ খ্রি., নারীদের যৌন হয়রানী সংক্রান্ত অভিযোগ করেন।<br>সংশ্লিষ্ট অভিযোগকারী নাম প্রকাশে অনিচ্ছুক, মোবাইল: ০১৭৪৭০০০০০০০, ট্র্যাকিং নম্বর: ০১৭৪৭০০০০০০০০০০১, অভিযোগের তারিখ: ১৭-০৭-২০২৫ খ্রি.। অভিযোগকারীর সাথে ২৯-০৭-২০২৫ খ্রি. তারিখে টেলিফোন যোগে যোগাযোগ করা হলে তিনি জানান যে, এই অভিযোগটি আমি করি নাই। মোবাইল এই নম্বরটি (০১৭৪৭০০০০০০০) এটা আমার অফিসের নাম্বার। আমার অফিস খুলনা জেলা সোনাডাঙ্গা মডেল থানা এরিয়ার ভিতরে। আমার অফিস থেকে কোন যৌন হয়রানীমূলক কোন অভিযোগ করা হয়নি। অভিযোগ যে করছে সে হয়তো মোবাইল নাম্বারটা ভুল দিয়েছে। এই বিষয়ে উপপরিচালক কুমিল্লা মহোদয়ের সাথে যোগাযোগ করা হলে তিনি জানান যে, লালমাই উপজেলার উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব মোঃ শাহজাহান এর বিরুদ্ধে যৌন হয়রানী বিষয়টি তদন্তে অভিযোগ প্রমানিত হয়েছে মর্মে নিশ্চিত হওয়া যায় নাই। ইতোমধ্যে তাঁকে মন্ত্রণালয় থেকে গত ২২-০৭-২০২৫খ্রি. তারিখে ১৩৭ নং স্মারকে চট্টগ্রাম জেলার লোহাগাড়া উপজেলায় বদলী করা হয়েছে। বিষয়টি নিষ্পত্তিযোগ্য। | - | - |
| | | | | ০৪। অভিযোগকারী: নাম প্রকাশে অনিচ্ছুক, মোবাইল:..................., ট্র্যাকিং নম্বর: ১৭৫৩৪৪২৭৯৫২২৪, অভিযোগের তারিখ: ২৫-০৭-২০২৫ খ্রি., প্রশিক্ষণার্থীদের আপ্যায়ন ভাতা ও যাতায়াত ভাতা আত্মসাৎ সংক্রান্ত অভিযোগ করেন।<br>সংশ্লিষ্ট অভিযোগকারী নাম প্রকাশে অনিচ্ছুক, মোবাইল:..................., ট্র্যাকিং নম্বর: ১৭৫৩৪৪২৭৯৫২২৪, অভিযোগের তারিখ: ২৫-০৭-২০২৫ খ্রি.। অভিযোগকারীর নাম ও মোবাইল নাম্বার না থাকার কারণে যোগাযোগ করা সম্ভব হয়নি। উক্ত অভিযোগের বিষয়ে চট্টগ্রাম জেলার উপপরিচালক জনাব মোহাম্মদ আবুল বাসার জানান যে, অভিযোগটির বিষয়ে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফটিকছড়ি, চট্টগ্রাম (বর্তমানে বদলী আদেশাধীন) জনাব তানভীর আহমেদ সিদ্দিক এর সঙ্গে কথা হয়েছে। তিনি বিষয়টি সম্পূর্ণ মিথ্যা ও ভিত্তিহীন বলে জানিয়েছেন। উল্লেখ্য যে, ইম্প্যাক্ট প্রকল্পের চট্টগ্রাম জেলার ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার এর কাছে এ বিষয়ে জানতে চাইলে তিনিও জানান যে, বিষয়টি সম্পূর্ণ মিথ্যা ও বানোয়াট। অতএব নাম ও মোবাইল নাম্বার বিহীন অভিযোগটি সত্য নয়। বিষয়টি নিষ্পত্তিযোগ্য। | - | - |

৩১.০৭.২০২৫

(মো: সেলিমুল ইসলাম)
উপপরিচালক (প্রশাসন-১)
ও
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা